# টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়
## টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

tungiparapaurashava.gov.bd

নম্বর- টুঙ্গি/পৌর/ইজারা/২০২৫/১৪০

তারিখঃ ২৯ বৈশাখ, ১৪৩২
১২ মে, ২০২৫

## "ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলাস্থ টুঙ্গিপাড়া পৌরসভার নিয়ন্ত্রণাধীন নিম্ন বর্নিত পৌর শিশু পার্ক এবং পাটগাতী বাসটার্মিনাল ২০২৫-২৬ খ্রিঃ অর্থ বছরের জন্য (১লা জুলাই, ২০২৫ হতে ৩০শে জুন, ২০২৬ পর্যন্ত) ০১ (এক) বৎসর মেয়াদে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে ইজারা দেয়া হবে। নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সোনালী ব্যাংক, টুঙ্গিপাড়া শাখা, ভারপ্রাপ্ত কর্মকর্তা, টুঙ্গিপাড়া থানা এর দপ্তর হতে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময় পর্যন্ত খরিদ করা যাবে। উক্ত সময়ের পরে কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র সমূহ নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, পুলিশ সুপার এর কার্যালয় এবং জেলা প্রশাসকের দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

| ক্র: নং | পার্কের নাম | সম্ভাব্য ইজারা মূল্য | ইজারা সন | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১। | **শেখ রাসেল পৌর শিশু পার্ক** | ৫০,৯৯,৬৬০/-<br>(পঞ্চাশ লক্ষ নিরানব্বই হাজার ছয় শত ষাট) টাকা | ২০২৫-২৬ অর্থ বছরের জন্য (১লা জুলাই,২০২৫ হতে ৩০ শে জুন, ২০২৬ পর্যন্ত) | ১০,৮০০/- |
| ০২। | **পাটগাতী বাসটার্মিনাল** | ৬০,৯৭,২২৮/-<br>(ষাট লক্ষ সাতানব্বই হাজার দুই শত আটাশ) টাকা। | | ১২,৮০০/- |

**নিম্নরূপভাবে সিডিউল বিক্রয়, দাখিল ও খোলার সময় ধার্য করা হলো।**

| দরপত্র আহ্বানের পর্যায় | দরপত্র ফরম বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১ম বারঃ ২৮/০৫/২০২৫ খ্রিঃ | ১ম বারঃ ২৯/০৫/২০২৫ খ্রিঃ | বেলা ০১.০০ ঘটিকা | বেলা: ০২:০০ ঘটিকা |
| ২য় পর্যায় | ২য় বারঃ ০৩/০৬/২০২৫ খ্রিঃ | ২য় বারঃ ০৪/০৬/২০২৫ খ্রিঃ | বেলা ০১.০০ ঘটিকা | বেলা: ০২:০০ ঘটিকা |
| ৩য় পর্যায় | ৩য় বারঃ ১৫/০৬/২০২৫ খ্রিঃ | ৩য় বারঃ ১৬/০৬/২০২৫ খ্রিঃ | বেলা ০১.০০ ঘটিকা | বেলা: ০২:০০ ঘটিকা |

## -ঃ শর্তাবলী ঃ-

১। **উদ্বৃত দরের ১০০% ভাগ অর্থ যে কোন তপশীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর (ফেরত যোগ্য) মাধ্যমে প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভার অনুকূলে জমা দিতে হবে। ৫% জামানত হিসেবে জমা করতে হবে।** ইজারা গ্রহীতা নিয়মিত পৌর শিশু পার্ক এবং বাসষ্ট্যান্ড পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। জামানতের বাকি অর্থ ইজারার মেয়াদ শেষ হওয়ার পরে ফেরত দেওয়া হবে।

২। গৃহীত দরপত্রের উল্লেখিত দরের বাকি ১০% অর্থ আয়কর ও ১৫ % ভ্যাট পত্র প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভা বরাবর জমা দিতে হবে।

৩। সর্বোচ্চ দরদাতাকে সমস্ত অর্থ পরিশোধ পূর্বক ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯১ এর নির্দিষ্ট ফরমে (নিজ খরচে) চুক্তি পত্র সম্পাদন পূর্বক বাসষ্ট্যান্ড এর দখল বুঝে নিতে হবে।

৪। পৌর পার্ক এবং বাসটার্মিনাল ইজারা সম্পর্কে কোন অভিযোগ থাকলে দরপত্র অনুমোদনের ৭ (সাত) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট অভিযোগ পত্র দাখিল করতে হবে।

৫। ইজারাদারকে পৌর পার্ক ও বাসটার্মিনালের টোল আদায়ের রেইট প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভার অনুমোদিত রেইট অনুযায়ী আদায় করতে হবে এবং টোল আদায়ের চার্ট নিজ খরচে সর্ব সাধারনের জ্ঞাতার্থে টাঙ্গিয়ে রাখতে হবে।

৬। ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত পৌর শিশু পার্ক এবং বাসটার্মিনাল অন্যের নিকট ইজারা বন্দোবস্ত বা সাবলীজ দিতে পারবে না। যদি অনুরূপ কার্য-কলাপ বা চুক্তি পত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তবে তার ইজারা সরাসরি বাতিল বলে গন্য হবে।

৭। যে তারিখেই ২০২৫-২৬ খ্রিঃ অথ বছরের জন্য পৌর শিশু পার্ক এবং বাসটার্মিনাল ইজারা চুক্তি সম্পাদিত হোক না কেন ১ লা জুলাই, ২০২৫ খ্রিঃ তারিখ হতে ইজারা প্রদান কার্যকরী হবে। তার পূর্বে কোন অবস্থাতেই ইজারা কার্যকরী হবে না।

৮। অসম্পূর্ন, অস্পষ্ট, কাটা-ছাটা , ঘষা-মাজা ও ওভার রাইটিং দরপত্র বাতিল বলে গন্য হবে।

৯। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে, তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। ইজারাদার বাসষ্ট্যান্ড এর টোল আদায়ের রেইট অনুযায়ী টোল আদায় করবেন, উক্ত রেইট এর অতিরিক্ত হারে আদায় করলে তাৎক্ষনাৎ ইজারার চুক্তি কর্তৃপক্ষ বাতিল করতে পারবেন।

১১। শেখ রাসের পৌর শিশু পার্ক পরবর্তী প্রতি অর্থ বছরের ১ লা জুলাই থেকে ১০ ই জুলাই পর্যন্ত Maintenance (রক্ষণাবেক্ষণ) এর জন্য বন্ধ থাকবে।

১২। দরপত্রের সাথে ভ্যাট ও আয়কর এর হালসনের সার্টিফিকেট সংযোজন করতে হবে।

১৩। **দরপত্রের সাথে হালসনের ইজারাদারী ট্রেডলাইসেন্স অবশ্যই দাখিল করতে হবে।**

১২/০৫/২৫

মোঃ মঈনুল হক
প্রশাসক
টুঙ্গিপাড়া পৌরসভা, গোপালগঞ্জ
ফোন: ০২২২৪৪৫৬২৬৮ (অফিস)